

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৫১

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (ﷺ) পরিচ্ছেদঃ ৪৩. যাইতুনের তেল খাওয়া প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي أَكْلِ الزَّيْتِ

আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّتَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " كُلُوا الزَّيْتَ وَادَّهِنُوا بِهِ غَمْرَ فَا شَجَرَةٍ مُبَارَكَةٍ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ عَبْدِ الرَّزَّاقِ عَنْ مَعْمَرٍ وَكَانَ عَبْدُ الرَّزَّاقِ يَضْطُرِبُ فِي رِوَايَةٍ هَذَا الْحَدِيثِ فَرُبَّمَا ذَكَرَ فِيهِ عَنْ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرُبَّمَا رَوَاهُ عَلَى الشَّكِّ فَقَالَ أَحْسَبُهُ عَنْ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرُبَّمَا وَوَاهُ عَلَى الشَّكِ فَقَالَ أَجِهِ عَنْ عُمْرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرُبَّمَا قَالَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرُبَّمَا قَالَ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً .

বাংলা

১৮৫১। যাইদ ইবনু আসলাম (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত আছে, উমার ইবনুল খাত্তাব (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা (যাইতুনের) তেল খাও এবং তা শরীরে মালিশ কর। কেননা এটা বারকাত ও প্রাচুর্যময় গাছের তেল।

সহীহ, ইবনু মা-জাহ (১৩১৯)

আবৃ ঈসা বলেন, আমরা এ হাদীসটি শুধুমাত্র আবদুর রাযযাকের সূত্রেই জেনেছি। এ হাদীসটি বর্ণনা করতে গিয়ে তিনি সনদের মধ্যে গরমিল করে ফেলেছেন। তিনি কখনো উমর (রাঃ)-রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সূত্রের কথা উল্লেখ করেছেন, আবার কখনো এতে সন্দেহ প্রকাশ করেছেন, এটি উমার (রাঃ)-রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সূত্রে বর্ণিত হতে পারে, আবার কখনো এ হাদীসটিকে যাইদ ইবনু আসলামের সূত্রে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। ঐ সনদটি এরূপ "আবৃ দাউদ সুলাইমান ইবনু মা'বাদ আব্দুর রাজ্জাক হতে, তিনি মামার হতে, তিনি জাইদ ইবনু আসলাম হতে, তিনি তার পিতা হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে। এতে তিনি উমারের উল্লেখ করেন নাই।



English

Narrated 'Umar bin Al-Khattab:

That the Messenger of Allah (ﷺ) said: "Eat olive and use its oil, for indeed it is a blessed tree."

[Abu 'Eisa said:] We do not know of this Hadith except through the narration of 'Abdur-Razzaq from Ma'mar (narrators in the chain of this Hadith). 'Abdur-Razzaq would narrate this with Idtirab. Sometimes he mentioned in it: "From 'Umar, from the Prophet (**)" and sometimes he reported it indicating doubt, saying: "I think it is from 'Umar from the Prophet (**)." And sometimes he said: "From Zaid bin Aslam, from his father, from the Prophet (**)" in a Mursal form.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ যায়দ ইবনু আসলাম (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন